আলমডাঙ্গায় চার দোকানে ৮০ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গা উপজেলায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্যোগে একটি ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করা হয়েছে।

বুধবার দুপুর ১২টার দিকে এ অভিযান চালানো হয়। অভিযানে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী চারটি ব্যবসা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে মোট ৮০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযান চলাকালে আনন্দধাম এলাকার মেসার্স মডার্ন বেকারিকে ৪০ হাজার টাকা এবং একই এলাকার মেসার্স আলিফ ওয়েল মিল-এর মালিককে ২০ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া আলমডাঙ্গা হাই রোড এলাকার মেসার্স অভি ট্রেডার্সকে ১০ হাজার টাকা ও মজিদ হোটেলকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান-এর নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। এ সময় পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক নরেশচন্দ্র বিশ্বাস, পৌরসভার স্যানিটারি কর্মকর্তা মাহফুজ রানা ও ইনামুল হক, এবং আলমডাঙ্গা থানার পুলিশের একটি দল অভিযানে সহায়তা করেন।

ভোক্তা অধিকার কর্মকর্তারা জানান, অভিযানের সময় বিভিন্ন দোকানে নিম্নমানের পণ্য, অপরিচ্ছন্ন পরিবেশ, মূল্যতালিকা না থাকাসহ একাধিক অনিয়ম পাওয়া যায়। এসব কারণে তাৎক্ষণিকভাবে আইন অনুযায়ী জরিমানা আদায় করা হয়।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর আরও জানায়, সাধারণ ভোক্তাদের সুরক্ষায় এ ধরনের অভিযান নিয়মিতভাবে পরিচালনা করা হবে। কেউ ক্রেতাদের সঙ্গে প্রতারণার চেষ্টা করলে তার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

জীবননগরে জামায়াতের ইসলামীর ৯ টি ওয়ার্ড শাখা অফিস উদ্বোধন

জীবননগর উপজেলায় বাংলাদেশ জামায়াতে ইসলামী হাসাদাহ ইউনিয়নের ৯ টি ওয়ার্ডে শাখা অফিস উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যার পর বৈদ্যানাথপুর প্রথম শাখা অফিস উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা আমির ও চুয়াডাঙ্গা ২ আসনে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী এ্যাড. রুহুল আমিন। তিনি বলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী রাষ্ট্র ক্ষমতায় যেতে চাইনে, আমরা বাংলাদেশের মানুষকে রাস্ট্র ক্ষমতা নিয়ে যেতে চাই।

এছাড়াও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গায় জেলা ছাত্রশিবির সাগর আহমেদ, বাংলাদেশ জামায়াতে ইসলামী জীবননগর উপজেলা শাখার সেক্রেটারি মাহফুজুর রহমান, উপজেলা শ্রমিক কল্যাণ বিভাগের সভাপতি কামাল উদ্দীন, উপজেলা কর্মপরিষদ সদস্য আব্দুস সালাম, হাসাদাহ ইউনিয়ন আমির আকতারুজ্জামান, নায়েব আমির আবুল কাশেম, সেক্রেটারি লাল্টু মিয়া, সহকারী সেক্রেটারি আজিবর রহমান,বায়তুলমাল তোফাজ্জেল হোসেন, তারবিয়াত সেক্রেটারি ওলিয়ার রহমান প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন, সহ সেক্রেটারির ও নির্বাচন পরিচালক শফিকুল ইসলাম শিমুল।

দর্শনায় মাদ্রাসা ও এতিমখানায় শিশুদের মাঝে কম্বল বিতরণ

প্রচন্ড শীতের প্রকোপে সারাদেশ সহ দর্শনা ও পার্শ্ববর্তী অঞ্চলের অবস্থা চরম নাজেহাল৷ দেশের সর্ব্বনিন্ম তাপ মাত্রার রেকর্ডে চুয়াডাঙ্গা জেলা এবারো স্থান করে নিয়েছিলো কয়েকবার।

সাবেক বিমান বাহিনী প্রধান এয়ার ভাইস মার্শাল এ জি মাহমুদ ও তার সহধর্মিণীর সেবা মূলক প্রতিষ্ঠান “মাহামুদ মায়া তাকওয়া ওয়েলফেয়ার

ট্রাস্টে”র অর্থায়নে গতকাল মঙ্গলবার সকালে চুয়াডাঙ্গা জেলার দর্শনা রুদ্রনগর দারুল কোরআন মাদ্রাসায় ও এতিমখানায় শিশুদের মাঝে কম্বল বিতরণ করেন৷

এছাড়াও হাউলি ইউনিয়নের লোকনাথপুরে দরিদ্র কৃষি শ্রমিকদের মাঝে দুপুরে কম্বল বিতরন করেন। ইতোপূর্বে, গত ১-৭ জানুয়ারি বুয়েটে-৮৭ ফাউন্ডেশনের সহায়তায় চুয়াডাঙ্গা জেলার দর্শনা পৌর এলাকা, তিতুদহ ইউনিয়ন, বেগমপুর ইউনিয়নের হিজলগাড়ী ও মহেশপুর উপজেলার এসবিকে ইউনিয়নে হতদরিদ্র মানুষের মাঝে গণমাধ্যম কর্মী আব্দুস সামাদ আজাদ বিপুর উদ্যোগে শীতবস্ত্র বিতরণে করা হয়।

পরবর্তীতে এ ধারা অব্যাহত থাকুক এ আশা ব্যক্ত করেন সুবিধাভোগীরা৷

আলমডাঙ্গায় মাদক বিরোধী অভিযানে মাদক সহ দুইজন গ্রেফতার

আলমডাঙ্গা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ১’শত গ্রাম গাঁজা ও ২ পিচ ইয়াবা ট্যাবলেট সহ আটক হয়েছে দুইজন।

গতকাল আলমডাঙ্গা থানার ওসমানপুর পুলিশ ফাড়িঁ আইসি এসআই সেকেন্দার আবু জাফর সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার হারদি শেখপাড়ায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযানে হারদি শেখপাড়ার মৃত হাসেম খাঁর ছেলে মিজার খাঁ
(৪৬) ও একই গ্রামের মৃত আলাউদ্দিনের ছেলে আলফাজ মিয়া (২০) কে ১’শত গ্রাম গাঁজা ও ২ পিচ ইয়াবা ট্যাবলেট সহ আটক করে। আটক দুইজনের বিরুদ্ধে আলমডাঙ্গা থানার মামলা রজু করা হয়েছে।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরায়েল বলেন, আসামি দুইজন কে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রজু করে এবং তাদের আদালতে সোপর্দ করা হয়েছে। এরকম মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে।

কোটচাঁদপুরে শুভ উদ্বোধন হলো কৃষি প্রযুক্তি মেলা-২০২৬

যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ানো এবং কৃষকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কোটচাঁদপুরে শুভ উদ্বোধন হলো তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলা-২০২৬।

মঙ্গলবার (২০ জানুয়ারি) কোটচাঁদপুর উপজেলা কৃষি অফিস প্রাঙ্গণে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে মেলার শুভ উদ্বোধন করা হয়।

মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার জনাব এনামুল হাসান। বিশেষ অতিথি ও সভাপতির বক্তব্য দেন, উপজেলা কৃষি অফিসার জনাব মোঃ জাহিদ হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার বলেন, টেকসই কৃষি উন্নয়নের জন্য আধুনিক প্রযুক্তি ও পরিবেশবান্ধব চাষাবাদ পদ্ধতির বিকল্প নেই। এই ধরনের কৃষি প্রযুক্তি মেলা কৃষকদের নতুন জ্ঞান ও উদ্ভাবনের সঙ্গে পরিচিত করে তুলবে, যা উৎপাদন বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

সভাপতির বক্তব্যে উপজেলা কৃষি অফিসার মোঃ জাহিদ হোসেন বলেন, বর্তমান জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে টেকসই কৃষি ব্যবস্থাপনা নিশ্চিত করা অত্যন্ত জরুরি। এই মেলার মাধ্যমে কৃষকদের আধুনিক কৃষিযন্ত্র, উন্নত বীজ, সার ব্যবস্থাপনা ও প্রযুক্তিনির্ভর চাষাবাদ সম্পর্কে হাতে-কলমে ধারণা দেওয়া হচ্ছে।”

মেলায় উন্নত জাতের ফসল, আধুনিক কৃষিযন্ত্র, জৈব সার, সমন্বিত বালাই ব্যবস্থাপনা, সেচ প্রযুক্তি এবং কৃষিভিত্তিক বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগের স্টল স্থান পেয়েছে। মেলাটি ২০ থেকে ২২ জানুয়ারি পর্যন্ত প্রতিদিন সকাল থেকে বিকেল পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।

দামুড়হুদায় তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলা উদ্বোধন

যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলা-২০২৬ উপলক্ষে তিন দিনব্যাপী একটি কৃষি মেলা অনুষ্ঠিত হচ্ছে। দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে এ মেলার আয়োজন করা হয়।

মঙ্গলবার বেলা ১২টায় উপজেলা চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালি শেষে আনুষ্ঠানিকভাবে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলার শুভ উদ্বোধন করেন আলমগীর বিশ্বাস, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চল।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, উত্তম কৃষি চর্চা ও আধুনিক প্রযুক্তি গ্রহণের ফলে আগে যেখানে বিঘা প্রতি ৮-১০ মন ধান উৎপাদন হতো, সেখানে বর্তমানে ২০-২৫ মন পর্যন্ত উৎপাদন সম্ভব হচ্ছে। প্রযুক্তির ব্যবহারে উৎপাদন খরচ কমে আসছে এবং ফলন বৃদ্ধি পাচ্ছে।

তবে কৃষকদের এসব প্রযুক্তি সম্পর্কে জানাতে ও বোঝাতে হবে, কারণ মাঠ পর্যায়ে কাজ করেন তারাই। আধুনিক কৃষি প্রযুক্তির কারণে এ অঞ্চলে কৃষি এখন আগের চেয়ে অনেক বেশি সফল ও উন্নত হয়েছে। মেলায় কৃষকদের মতামত গ্রহণের জন্য একটি মতামত বই রাখা হয়েছে। সংশ্লিষ্টরা সকল দর্শনার্থী ও কৃষকদের অন্তত দুই-এক লাইন মতামত লেখার আহ্বান জানান, যাতে ভবিষ্যতে কৃষি কার্যক্রম আরও উন্নত করা যায়।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মোঃ মাসুদুর রহমান সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব রবিউল ইসলাম এবং দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার মোঃ উবায়দুর রহমান সাহেল।

এ সময় আরও উপস্থিত ছিলেন এবং অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশসহ উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

তিন দিনব্যাপী এ কৃষি মেলায় মোট ১৬টি প্রদর্শনী স্টল রয়েছে, যার মধ্যে ৫টি উদ্যোক্তা স্টল। মেলায় আধুনিক কৃষি প্রযুক্তি, যন্ত্রপাতি, উন্নত বীজ, সার ব্যবস্থাপনা ও টেকসই কৃষি চর্চা বিষয়ে কৃষকদের হাতে-কলমে ধারণা দেওয়া হচ্ছে। প্রকল্পের আওতায় কৃষকদের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন যন্ত্রপাতি ও সহযোগিতা প্রদান করা হবে বলে জানানো হয়। অনুষ্ঠানটির সঞ্চালনা করেন উপজেলা অতিরিক্ত কৃষি কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস। এ সময় বিপুল সংখ্যক কৃষক ও কৃষাণী মেলায় উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে কৃষি সচেতনতা বিষয়ক সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জাতীয় শিক্ষা সপ্তাহে দেশসেরা রোভার চুয়াডাঙ্গার আল মুতাকাব্বির সাকিব

জাতীয় শিক্ষা সপ্তাহ–২০২৬ উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতার মধ্যে শ্রেষ্ঠ রোভার ক্যাটাগরিতে জাতীয় পর্যায়ে দেশসেরা রোভার স্কাউটের খ্যাতি অর্জন করেছে চুয়াডাঙ্গা সরকারি কলেজের হিসাববিজ্ঞান বিভাগের ছাত্র ও চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের সিনিয়র রোভার মেট আল মুতাকাব্বির সাকিব।

খুলনা বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জনের পর এবার জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জন করেছেন তিনি। গত সোমবার ঢাকা টিটি কলেজে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং মঙ্গলবার ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব রেহানা পারভীনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা

মন্ত্রণালয়ের শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার।

এ সময় অনুষ্ঠানের প্রধান অতিথি শ্রেষ্ঠ রোভার আল মুতাকাব্বির সাকিবের হাতে গোল্ড মেডেল, ক্রেস্ট, সার্টিফিকেট এবং নগদ অর্থ পুরস্কার তুলে দেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মুহাম্মদ রফিকুল ইসলাম। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর বি. এম. আব্দুল হান্নান।

আল মুতাকাব্বির সাকিব চুয়াডাঙ্গা সদর উপজেলার হায়দারপুর গ্রামের বিশিষ্ট ব্যবসায়ী ও সাবেক মেম্বার শহিদুল ইসলামের পুত্র। তার এই সাফল্যের পেছনে তার বাবা-মা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. কে. এম. সাইফুর রশীদ, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক জাহিদুল হাসান ও চুয়াডাঙ্গা সরকারি কলেজসহ সকল শিক্ষাগুরুর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

আলমডাঙ্গায় বেগম খালেদা জিয়ার আত্মার শান্তি কামনায় দোয়া

আলমডাঙ্গার হারদী ইউনিয়নে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় দোয়া মাহফিল ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার হারদী ইউনিয়নে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় বিশেষ দোয়া মাহফিল ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গত রবিবার বাদ মাগরিব হারদী ইউনিয়নের কেশবপুর প্রাইমারি স্কুল মাঠ প্রাঙ্গনে ২নং হারদী ইউনিয়নের ৬নং ওয়ার্ড (কেশবপুর ও লক্ষীপুর) বিএনপি’র উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বক্তারা বেগম খালেদা জিয়ার বর্ণাঢ্য রাজনৈতিক জীবন, গণতন্ত্র পুনরুদ্ধারে তাঁর সংগ্রাম এবং দেশ ও জাতির জন্য তাঁর অবদানের কথা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন।

হারদী ইউনিয়নের ৬নং ওয়ার্ড বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক জাহিদ হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা-০১ আসনের বিএনপি মনোনীত এমপি পদপ্রার্থী শরীফুজ্জামান শরীফ।

প্রধান অতিথির বক্তব্যে শরীফুজ্জামান শরীফ বলেন, বেগম খালেদা জিয়া শুধু একজন রাজনৈতিক নেত্রী নন, তিনি বাংলাদেশের গণতন্ত্রের প্রতীক। স্বৈরাচারবিরোধী আন্দোলনে তাঁর আপসহীন ভূমিকা ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। আজ দেশ এক গভীর সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। এই সংকট উত্তরণে বিএনপিকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।”

অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি শহিদুল কাওনাইন টিলু। এছাড়াও বক্তব্য দেন উপজেলা নির্বাচন সমন্বয়ক বোরহান উদ্দিন (উপজেলা সাবেক সভাপতি, কৃষকদল), গোলাম মোস্তফা (সহ-সাংগঠনিক সম্পাদক, উপজেলা বিএনপি), ছানোয়ার হোসেন লাড্ডু (সাবেক চেয়ারম্যান, ভাংবাড়িয়া ইউনিয়ন), বিএনপি নেতা আব্দুল মজিদ।

আরও উপস্থিত ছিলেন হারদী বিএনপির সমন্বয়ক মহিনুল ইসলাম (সাবেক সভাপতি, হারদী ইউনিয়ন), মনিরউদ্দিন মনির (ভারপ্রাপ্ত সভাপতি, হারদী ইউনিয়ন বিএনপি), শফিকুল ইসলাম (সাধারণ সম্পাদক, হারদী ইউনিয়ন বিএনপি), তারদীল খান ডিকো খান, আব্দুস সাত্তার (হারদী), জাকির হোসেন, বীর মুক্তিযোদ্ধা রবিউল হক (ওসমানপুর), নাসির (হারদী), জমিরউদ্দীন, শহিদুল মেম্বার, আব্দুল হান্নান, নাসির, সাত্তার (সাংগঠনিক সম্পাদক, হারদী ইউনিয়ন বিএনপি), জেড এম তৌফিক খান, বাবুল আক্তার, ময়েন, ছাত্রদল সভাপতি শিপন, লতিফ মিয়া সহ বিএনপি ও এর অঙ্গসংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া মোনাজাত পরিচালনা করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, হারদী ইউনিয়ন বিএনপি নেতা আব্দুস সালাম।

আলমডাঙ্গা পৌরসভার পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে ইউনও

আলমডাঙ্গা পৌরসভাকে মডেল পৌরসভা বিনির্মাণে পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে সরাসরি ভূমিকা রাখছেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার পান্না আকতার।

আলমডাঙ্গা পৌর এলাকার অন্যতম দর্শনীয় স্থান আলমডাঙ্গা রেলওয়ে স্টেশনের পরিস্কার-পরিচ্ছন্নতা ও সৌন্দর্যবর্ধণ কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেছেন আলমডাঙ্গা পৌরসভার সুযোগ্য প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ ম্যাজিস্ট্রেট জনাবা পান্না আক্তার।

পরিদর্শনকালে তিনি স্টেশন চত্বরের সার্বিক পরিবেশ, যাত্রীদের চলাচলের সুবিধা, পরিস্কার-পরিচ্ছন্নতার বর্তমান অবস্থা এবং চলমান উন্নয়ন কার্যক্রম ঘুরে দেখেন। এ সময় সংশ্লিষ্ট কর্মকর্তা- কর্মচারীদের সঙ্গে কথা বলেন এবং জনসাধারণের জন্য স্টেশন এলাকাকে আরও পরিচ্ছন্ন, সুশৃঙ্খল ও দৃষ্টিনন্দন করে গড়ে তোলার বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

ইউএনও পান্না আক্তার বলেন, আলমডাঙ্গা রেলওয়ে স্টেশন শুধু একটি যাতায়াত কেন্দ্র নয়, এটি পৌর এলাকার একটি গুরুত্বপূর্ণ দর্শনীয় স্থান। এখানকার পরিবেশ পরিস্কার ও সুন্দর থাকলে যাত্রীদের পাশাপাশি সাধারণ মানুষের কাছেও ইতিবাচক বার্তা পৌঁছাবে। নিয়মিত পরিচ্ছন্নতা ও সৌন্দর্যবর্ধণ কার্যক্রম অব্যাহত রাখার ওপর তিনি বিশেষ গুরুত্বারোপ করেন। এসময় পৌরসভা ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পরিদর্শনের মাধ্যমে চলমান কার্যক্রমে আরও গতি আসবে এবং আলমডাঙ্গা রেলওয়ে স্টেশন একটি পরিচ্ছন্ন ও আধুনিক রূপ লাভ করবে বলে আশা প্রকাশ করেন স্থানীয়রা।

আলমডাঙ্গা পৌরসভার পাশাপাশি তদারকিতে ভূমিকা রাখছে আলমডাঙ্গা নাগরিক কমিটি।

দামুড়হুদায় চায়না দুয়ারি জাল ধ্বংস ও সার ব্যবসায়ীকে ২০ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় পৃথক দুটি ইউনিয়নে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। গতকাল সোমবার দুপুর ১টার দিকে এসব অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শাহিন আলম।

অভিযান সূত্রে জানা গেছে, সোমবার বেলা ১টার সময় উপজেলার কুড়ালগাছি ইউনিয়নের মাথাভাঙ্গা নদীর গলাইদড়ি সেতুর পার্শ্ববর্তী এলাকায় একটি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযানে নদীতে অবৈধভাবে স্থাপিত দুটি পাটা বাঁধ অপসারণ করা হয়। এ সময় প্রায় ১ হাজার মিটার নিষিদ্ধ চায়না দুয়ারি জাল জব্দ করে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়। অভিযানে উপজেলা মৎস্য কর্মকর্তা সার্বিক সহায়তা প্রদান করেন।

পরবর্তীতে জুড়ানপুর ইউনিয়নে পৃথক আরেকটি মোবাইল কোর্ট অভিযান পরিচালনাকালে অনিয়মের দায়ে এক জন সার ব্যবসায়ীকে ২০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হলেন উপজেলার হাউলী গ্রামের সুরত আলীর ছেলে আজিজুর রহমান। এ অভিযানে অতিরিক্ত উপজেলা কৃষি কর্মকর্তা সহায়তা করেন।

উভয় অভিযানই পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শাহিন আলম।

উপজেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে, নদীর স্বাভাবিক প্রবাহ রক্ষা, অবৈধ মাছ শিকার প্রতিরোধ এবং কৃষি খাতে শৃঙ্খলা বজায় রাখতে এ ধরনের অভিযান নিয়মিতভাবে অব্যাহত থাকবে।